# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College affiliated to University of Calcutta)

**B.A./B.Sc. SIXTH SEMESTER EXAMINATION, MAY 2019**
**THIRD YEAR [BATCH 2016-19]**
**BENGALI (Honours)**
**Paper :** VIII

Date : 27/04/2019
Time : 11 am – 3 pm
Full Marks : 100

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে শচীন সেনগুপ্তের অবদান নিয়ে আলোচনা করো।

খ) একালের নাটককারদের মধ্যে মনোজ মিত্রের রচনা আঙ্গিক ও বিষয় — উভয় মাত্রাতেই স্বতন্ত্র হয়ে উঠেছে। বিশদে আলোচনা করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) 'নবান্ন' নাটকে অনেকগুলি দৃশ্যেরই সূচনায় নাটককার নিজে উপস্থিত আছেন। আলোচ্য নাটকের প্রেক্ষিতে এই ব্যাপারটি কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে, আলোচনা করো।

খ) 'নবান্ন' নাটকে সংঘবদ্ধ প্রতিবাদের, প্রতিরোধের যে পথ লেখক দেখিয়েছেন তার প্রেক্ষাপটে আছে একটি সময়ের সামাজিক অর্থনৈতিক বিপর্যয় এবং বিশিষ্ট রাজনৈতিক স্বপ্নদর্শনের ইতিহাস — আলোচনা করো।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) 'বাকী ইতিহাস' নাটকে আমাদের চেতনার জগতের কোন্ বিবর্তমান সংঘাত ধরা পড়েছে, তা উদ্‌ঘাটিত করো।

খ) 'বাকী ইতিহাস' নাটকের সংলাপ এই জাতীয় নাটকের বিষয়বস্তু আর আঙ্গিকের অনুরূপ হয়েছে কি? উদাহরণসহ দেখাও।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) বুদ্ধদেব বসু 'একটি জীবন' গল্পে একজন বাঙালির বাংলা ভাষার প্রতি যে দরদ আর একাগ্র জ্ঞানচর্চার যে সাধনাকে তুলে ধরেছেন তা আজকের বাঙালিদের কাছে কতটা প্রাসঙ্গিক বলে তোমার মনে হয়, আলোচনা করো।

খ) 'আদাব' গল্পের জীবনরস একটি সমকালিক ইতিহাসের ভিতর থেকে উঠে আসা, নাকি সেখানে আছে, মানবজীবনের এক চিরায়ত অন্তর্গূঢ় সত্য — আলোচনা করো।

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর কবিকৃতিত্ব নিয়ে আলোচনা করো।

খ) বাংলাদেশের ভাষা আন্দোলন কেবল নয়, সামসুর রহমানের কবিতায় এপার বাংলা ওপার বাংলা ভেদ মেটাতে পেরেছে অনায়াসে — আলোচনা করো।

৬। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১২]

ক) 'দাঁড়াও' কবিতাটির পাঠে আবেগধর্মী মানবতা, নাকি ইউরো-আমেরিকান নিওহিউম্যানিজমের প্রভাব পরিলক্ষিত হয় — আলোচনা করো।

খ) ''কেউ কথা রাখেনি'' কবিতায় কবি কেমনভাবে অভিমানাহত এক বালকের আবেগকে, পরিণত বয়স্কদের সংসারে প্রতিশ্রুতিভঙ্গের অনিবার্যতায় পৌঁছে দিয়েছেন তা আলোচনা করো।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) সাহিত্যের সৃজনে ও মননে রবীন্দ্রনাথ কেমন করে সত্য, সৌন্দর্য ও কল্যাণের সমীকরণ ঘটিয়েছেন তা আলোচনা করো।

খ) 'বিশ্বমনের' যে কারখানাঘরের কল্পনা রবীন্দ্রনাথ করেছেন সাহিত্যের নির্মাণভাবনায়, সে সম্পর্কে তোমার নিজস্ব মতামত যুক্তিসহ লেখো।

৮। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও। [১×১৪]

ক) অভিনবগুপ্ত প্রদত্ত রসের সংস্কৃত সংজ্ঞাটি সম্পূর্ণ উদ্ধৃত করে এর তাৎপর্য ব্যাখ্যা করো।

খ) 'সহৃদয় সামাজিক' সম্পর্কিত সংস্কৃত সংজ্ঞাটি পুরোটি লিখে জানাও এই সংজ্ঞাটি তুমি মানতে রাজী আছো কিনা।

—————— × ——————